□□□□ □□□□□ □□□□□□□ (□□□□□)
□□□□□□□□ □□□□□□□□□□

Job Category: Administration/General Management

Job Source: □□□□□□□□ □□□□□□□□

Job Summary

Posted On: 10 Jan 2025

Application Deadline:8 Feb 2025

বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন

৮৫তম বিএমএ স্পেশাল (এএমসি) এবং ৭০তম বিএমএ স্পেশাল (এডিসি) কোর্স - পুরুষ/মহিলা

যোগ্যতার

১। **বয়স।** ০১ জুলাই ২০২৫ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)।**

ক্রমিক	শারীরিক যোগ্যতা	পুরুষ প্রার্থীদের জন্য	মহিলা প্রার্থীদের জন্য
ক।	উচ্চতা	১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)	১.৫২ মিটার (৫ ফুট ০ ইঞ্চি)
খ।	ওজন*	৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড)	৪৮.০০ কেজি (১০৫ পাউন্ড)
গ।	বুক	স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)	স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি) প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)

* উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত ক্ষেত্রের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।**

ক। **আর্মি মেডিকেল কোর (পুরুষ/মহিলা) এর জন্য।**

(১) এমবিবিএস ডিগ্রী (সরকার কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ)।

(২) বিএমএ'তে যোগদানের পূর্বে অবশ্যই ইন্টার্নশীপ সম্পন্ন করতঃ ইন্টার্নশীপ সার্টিফিকেট জমা করতে হবে।

(৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ-৯ (তবে, যেকোন পরীক্ষায় জিপিএ-৪.৫ এর কম নয়)।

খ। **আর্মি ডেন্টাল কোর (পুরুষ/মহিলা) এর জন্য।**

(১) বিডিএস ডিগ্রী (সরকার কর্তৃক স্বীকৃত ডেন্টাল কলেজ)।

(২) বিএমএ'তে যোগদানের পূর্বে অবশ্যই ইন্টার্নশীপ সম্পন্ন করতঃ ইন্টার্নশীপ সার্টিফিকেট জমা করতে হবে।

(৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ-৯ (তবে, যেকোন পরীক্ষায় জিপিএ-৪.৫ এর কম নয়)।

৪। **বৈবাহিক অবস্থা।**

ক। **পুরুষ।** অবিবাহিত। তবে, ০১ জুলাই ২০২৫ তারিখে যাদের বয়স ২৬ বছরের উপরে হবে সে সকল বিবাহিত পুরুষ প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

খ। **মহিলা।** বিবাহিতা/অবিবাহিতা।

৫। **জাতীয়তা।** জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।

অযোগ্যতার

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকরি হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার ক্লিড আউট/প্রত্যাখ্যাত (একবার ক্লিড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার ক্লিড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৮। প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

১০। মেডিকেল ও ডেন্টাল কলেজের সকল পেশাগত পরীক্ষাসমূহে সর্বনিম্ন ০২ (দুই) এর অধিক বিষয়ে রেফার্ড প্রাপ্ত ডাক্তারগণ সেনাবাহিনীতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

১১। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

আবেদন করার পদ্ধতি

১২। ১০ জানুয়ারি ২০২৫ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৩। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে Apply Now কে ক্লিক করে বর্ণিত কোর্সে Apply করতে হবে।

১৪। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটাক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০/- (এক হাজার) অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৫। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩১৬১৯৭৯ এবং ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com এ যোগাযোগ করা যাবে।

সমরে ও শান্তিতে রাখিব সুস্থ

নির্বাচন পদ্ধতি

১৬। **লিখিত পরীক্ষা।** লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল মার্চ ২০২৫ মাসের ২য় সপ্তাহে ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

১৭। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ১৬ মার্চ ২০২৫ হতে ২৪ মার্চ ২০২৫ তারিখ পর্যন্ত ডিডিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি (এসএসসি/ও লেভেল, এইচএসসি/এ লেভেল, এমবিবিএস, ইন্টার্নশীপ, বিএমডিসি রেজিস্ট্রেশন কার্ড, এফসিপিএস পার্ট-১ যদি থাকে এবং কল-আপ লেটার) প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৮। **আইএসএসবি পরীক্ষা।** লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৯। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান।** উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্য প্রার্থীদের শূন্যপদের অনুকূলে মেধাক্রম অনুযায়ী সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত যোগ্য এবং যোগদান নির্দেশিকা প্রদান করা হবে। বিএমএ'তে সম্ভাব্য যোগদানের তারিখ ২৯ জুন ২০২৫।

২০। আইএসএসবি গ্রীণ কার্ডের মেয়াদ ০১ বছর (৩৬৫ দিন) বলবৎ থাকবে।

প্রশিক্ষণ ও কমিশন:

২১। **বিএমএ প্রশিক্ষণ।** আইএসএসবি ও ডাক্তারী পরীক্ষায় যোগ্য এবং সেনাসদর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর বিএমএ'তে ২৪ (চব্বিশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২২। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা।** প্রশিক্ষণ সমাপ্তির পর নিস্পত্তিবিতভাবে পদবী ও পশ্চাৎ প্রবীণতা প্রাপ্ত হবেন।

ক। **এএমসি।** ক্যাপ্টেন (২ বছর ৬ মাস পশ্চাৎ প্রবীণতা)।

খ। **এডিসি।** লেফটেন্যান্ট (২ বছর পশ্চাৎ প্রবীণতা)।

প্রাপ্ত সুযোগ সুবিধা

২৩। **বেতন-ভাতা।** সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

২৪। **অন্যান্য বিশেষত্ব।**

ক। **উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণ।** কমিশনপ্রাপ্ত অফিসারগণ ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণের সুযোগ পাবেন।

খ। **বাসস্থান।** নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

গ। **চিকিৎসা।** সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

ঘ। **সন্তানদের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ, ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) এ যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

বিশেষ নির্দেশনা:

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৬। এএফএমসি হতে পাশকৃত প্রার্থীগণ এএফএমসি'র মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে।

২৭। বিমজ্জিত যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৮। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখঃ ০৮ ফেব্রুয়ারি ২০২৫

সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩১৬১৯৭৯
ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

অনলাইনে আবেদন করতে ভিজিট করুনঃ https://join.army.mil.bd